As to the formation of this University I want to know from the Hon'ble Minister if any general college has been established there at Government cost. University Grants Act has been passed in 1956 and three years have passed by this time. University Grants Commission is granting money for the establishment of new colleges and even for the establishment of new Universities. I would like to know from the Hon'ble Minister how much he has been able to get or what promise he has got from the University Grants Commission for this University. I have just now stated 18 Universities have sprung up after independence. Before that also there were 18 Universities in India. I have got that from the latest report. With regard to the colleges I also feel that some of the colleges should be taken out of the Calcutta University and affiliated to other Universities because I see from the present report that at present 136 colleges are affiliated to the Calcutta University. Next comes Madras with 126 colleges, and then Punjab with 113 colleges; fourth is Agra with 79 colleges, and therefore, it is desirable that some portion of the area of the University should be taken away. But as to the formation of the region I have got certain suggestions. You will certainly agree that Universities should spring up regionwise. In my

opinion the lower region should be formed with 24-Parganas, Midnapore, Howrah and possibly Hooghly; the middle region should be formed with Murshidabad, Bankura, Purulia and perhaps Malda, and the rest should be the upper region.

My next point is that this Burdwan University should not be under the clutches of the Government alone or the officials alone. If you do that you will hamper the cause of education.

We have got only one Board of Secondary Education which will send out students who will be taught in these Universities. If one Board of Secondary Education is there in West Bengal and three Universities there should be a sort of symmetry between these Universities, or according to the local requirements three Boards of Secondary Education should spring up with regard to these regions. I, therefore, suggest that attempts should be made to maintain the standard of the new University of Burdwan at par with that of the University of Calcutta. Because in Jadavpur what do we see? I am giving you one instance. The students who have got Honours in B.A. or B.Sc. are first of all taken in M.A. or M.Sc.; those who have got Pass or Distinction do not go to the city; they go to Jadavpur. The First-Class marks in the Calcutta University is 60 and above, Second-Class is 40 and above and Third-Class is 36 and above; but in Jadavpur there are only two classes-first-class 60 and above and second-class 40 and above. Therefore, those students who get marks between 40 and 59, if Calcutta and Jadavpur were at par, would get second-class. Mr. Das says that there is dearth of professors but dearth of professors cannot and should not permanently stand in the way of making new Universities. I would, therefore, ask the Hon'ble Minister to see that suitable materials are found for the purpose of running these Universities.

There are other points which I shall say in my observations in connection with my amendments. I say, therefore, that I welcome this Bill but at the same time I have got a great grievance that the elite of the city have been given no chance to consider this and give their expression of opinion. Therefore, I have suggested for a very short circulation so as to get the considered opinion of the different educationists. I do not think that the opinion of the Calcutta University is relevant for the purpose because the Calcutta University is losing some portion of its territory. So it will at once react. Anybody whose territory is taken away, whatever may be the consideration, will react. Therefore, the opinion of the Calcutta University is not relevant but he opinion of the elites who have got dispassionate views and who are not in special favour of anything will be necessary.

## Dr. Radhakrishna Pal:

মাননীয় ডেপ্রিটি দ্পীকার, সাার, বর্ধমান ইউনিভার্সিটি সম্পর্কে বলতে গিয়ে একটা কথা আমার মনে পড়ল সেটা আমি দাস সাহেবকে দমরণ করিয়ে দিতে চাই—অর্থাৎ, আমানের শিশির দাস মহাশয়কে। স্যার আশ্তোষ যথন ভাইস-চ্যান্সেলর অফ দি ক্যালকাটা ইউনিভার্সিটি তথন পাঁচকড়িবাব, তাঁর নায়ক' পত্রিকায় তাঁকে খ্ব গালাগালি দিতেন। এজন্য সাার আশ্তোষ তাঁকে একদিন ডেকে পাঠান ডেকে বলেন, কি, পাঁচকড়ি, তুমি আমাকে এত গালাগাল কর কেন? তিনি বলেন, সাার, আপনাকে গালাগালি না দিলে আমার নায়ক' কাটে না। সেইরকম দাস সাহেব ডাঃ রায়কে গালাগাল দিয়ে দেখাছেন, দেখ, আমি এয়ভাইস-চ্যান্সেলরকে গালাগাল দিয়েছি, আবার চিফ মিনিস্টারকেও গালাগাল দিতে পারছি। আমি দাস সাহেবকে দমরণ করিয়ে দিছি—লাভলি মিয়, তিনি এম এ-তে থার্ড ক্লাস পেয়েছিলেন, কিল্ডু তাঁর কেমিন্টি সমগ্র প্রথিবীতে খ্যাতিলাভ করেছে। দাস সাহেব বিলাতে ছিলেন, এবং বিলাতে তিনি দেখে এসেছেন বে,—এখনি বৃদ্ধবের হরিদাস মিয়ের সপ্যে আমার এ বিষয় নিয়ের কথাবার্তা হিছ্কল—ইংল্ডেড্ ৭০০ করে ছেলে

নিয়ে একটা রেসিডেন্সিয়েল ইউনিভাসিটি এবং তিনি জানেন, সেখানে ১৫০ ইউনিভাসিটি আছে। আমি দাস সাহেবকে বলছি, তিনি বেশ করে ডাঃ রায়কে গালাগালি দিন, তাতে তাঁর ক্লায়েন্ট বাড়বে এবং তিনি তাঁদের বলতে পারবেন, দেখ, আমি ডাঃ রায়কে গালাগাল দিয়েছি। এটাই আমার কৃতিত্ব। মাননীয় ডেপটি স্পীকার মহাশয়, কলকাতায় আমরা ২।৩ ঘণ্টার মধোই আসতে পারি, কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আমাদের কাছে [6-20—6-30 p.m.]

"দুহত্র পারাবার হে"— ক্যালকাটা ইউনিভাসিটির সংগ্রে আমাদের যোগাযোগ খুর বেশী। আমবা এই ইউনিভার্সিটিতে ৬।৭টা ভাইস-চাান্সেলর দিয়েছি সারে আশ্রতোষ মুখোপাধাায় ছদীয় পাত ডাং শামাপ্রসাদ সার দেবপ্রসাদ সর্বাধিকারী ভপেন্দ্রাথ নস<sup>্</sup> সাবে গারাদাস বানেক্রী ডাঃ জান্সন্দ ঘোষ। এ ছাড়া তাবকনাথ পালিত মহাশয়ের বিবাট টাকার অবদানে যে বিবাট মন্দির গড়ে উঠেছে আমশ লো তার প্রতিবাদ করিনি। আমবা জানি যে যতুই ইউনিভাসিপীট গড়ে উঠবে তত্তই বাংলাদেশ বা ভারতবর্ষের সংখ্যাতি সারা পথিবীম্য ছাড্যে পুড্রে। আমি তাই "দাস সাহেব"-কে বলি যে ডাঃ রায়কে সমালোচনা করা সহজ কিন্তু তাকে অনুসরণ করা ক্রিন। তিনি বিশ্বান লোক আশাক্রবি এতে তার সম্পিং ফিবে আস্তে। মানুষ্কে গুলাগালি দিলে মর্যাদা বাড়ে না বরং তাতে কংগ্রই হয়। বর্ধমান ইউনিভাসিটি করছেন বলে আমি আমাদের শিক্ষাসন্ত্রী মহাশ্যকে কংগ্রাচলেশন জানাচ্চ। বিলেতে যেমন প্রতিটি ইউনিট এ এ ৮টি কবে রেসিডেন্সিয়াল ইউনিভাসিটি আছে তেমনি আমাদের বাংলাদেশে যতই ইউনিভাসিটি বাডবে তত্তই বাংলাদেশের সম্মান বাদিধ হরে। তাই পণ্ডিত নেহের; বেলেঘাটায় বলেছিলেন যে তিনি একটা বিবাট অর্গানিজেশন। সত্তবাং গালাগালিতে কোন ফল হয় না ভাতে আমাদের দ্বর্ণ, লৌহ বিবাদের মতন হয় অর্থাৎ "লোহার আগনে তোমার বর্ণ হোল কালো।" আমাদের "দাস সাহেব"ও ঐ পর্যায়ে পডেন। যাহা হোক বর্ধমান ইউনিভার্সিটি বিলকে সর্বান্তঃকর্ণে সমর্থন করে আমার বক্তবা শেষ কর্বছি।

# Sj. Mihirlal Chatterjee:

সাবে এই বিলের উপর আমি আমার সংশোধনী প্রস্তাব এই সভার সামনে রাখছি।

Sir, I beg to move that the Burdwan University Bill, 1959, be circulated for the purpose of eliciting opinion thereon by 31st January, 1960.

অর্থাৎ ২ মাসেব মধ্যে এই বিলের উপর জনমত সংগ্রহ কবা হোক এই প্রস্তাব আমি করতে চাই। এই বিলকে বিলম্বিত করার জনা বা বৃধ্যিন ইউনিভাসিটি যাতে না হয় ভাব একটা চেষ্টা হিসাবে আমি এই। প্রস্তাব করছি না। প্রকৃত প্রস্তাব আমি চাই যে। বর্ণমানে নাংল একটা ইউনিভার্সিটি করা সম্বন্ধে বাংলাদেশের জনমত নেওয়া হোর। আম্বা যেসম্মন লোমেন্ডমে**ন্ট** এনেছি সেই এ্যামেন্ডমেন্টের মধ্যে দেখছি যে শ্রীজগন্নাথ কোলে, চীফ হাইপ অফ দি গভর্নসেন্ট্ এমন একটা এ্যামেন্ডমেন্ট এনেছেন যার অর্থ হচ্ছে যে মেদিনীপুর জেলা বর্ধমান ইউনিভাসিটির আওতার বাহিদে থাকরে। স্যার, গত ১৪ই নভেম্বর ক্যালকাটা গেজেটে এই বিল প্রকাশিত হয় এবং আমরা এই বিল পাই ১৮।১৯।২০শে নভেবর। আমরা আমাদের নিজের কর্নাস্টিট্যোম্সির মধ্যে এই বিলের উপর আলোচনা করার কোন স্থোগ পাই নি। মেদিনীপুর জেলার যাঁরা এই বিধানসভার সভা তাঁরাও হয়ত এইরকম সংযোগ পান নি। গভনমেন্ট মেদিনীপুর জেলার এবং অনান্য জেলার জনমত জানবারও কোন স্থোগ গ্রহণ করেন নি। মেদিনীপুর জেলা থেকে বিধানসভার সভাগণ যখন একমত হয়ে গভনমেন্টকে জানিয়েছেন যে তাঁরা এই বিলের বিবোধী, তথন সবকারের তরফ থেকে এই সংশোধনী প্রস্তাব এসেছে যে মেদিনীপুর জেলাকে এই বিলের আওতার বাহিরে রাখা হোক। একটা বিল ক্যালকাটা গেজেটে প্রকাশের ১০ দিনের মধ্যে যদি গভর্নমেন্টকে তার স্কুপরিকল্পিত পরিকল্পনার সংশোধন করতে হয়, তাহলে আমি মনে করি যে এই বিল সম্বন্ধে গভর্নমেন্টকৈ আরও বেশী চিন্তা করার প্রয়োজন আছে। কারণ বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, হুগলী ইত্যাদি জেলাসমূহের কোন অভিমত আমরা এথনও তেমন ভাবে জানতে পারিনি। এমন কি আমাদের নিম্পের নিজের কনস্টিটরেন্সির সর্পো আলোচনা করার কোন স,বোগও আমরা পাই নি।

ু স্যার, ক্যালকাটা ইউনিভার্সিটি বহুদিনের পুরোনো ইউনিভার্সিটি। এই ইউনিভার্সিটির **অপ্যচ্ছেদ করার ব্যবস্থা এই বিলে করা হচ্ছে। অপ্যচ্ছেদ করা উচিত কি উচিত নয় বা বর্ধমান** ইউনিভাসিটির প্রয়োজন আছে কি না আছে সেটা বিশেষ গ্রেছপূর্ণ কথা এবং সে সম্বন্ধে **আমি পরে বলব।** আমার ব্যক্তিগত অভিমত হয়ত থাকতে পারে যে বর্ধমানে ইউনিভাসিটি হোক কিন্তু আমার ব্যক্তিগত অভিমত সমস্ত জেলার অভিমত হতে পারে না। আমি শ্রীহরেন রায়-**राध्यती भरागरात मर्क्श अक्रमल एवं वालारमर्क अकाधिक रेफेनिकामिति रेफीत कतात यरथके** স্কোপ আছে। আমরা জানি ৫০ বছর আগে ইংলন্ডে ৯টা ইউনিভার্সিটি ছিল—অক্সফোর্ড সেফিল্ড, কেন্দ্রিজ, লাভস, এভিনবরা, প্লাসগো, লন্ডন, ডারহাম, ম্যানচেন্টার। যদি ৪ কোটি লোকের শিক্ষার জন্য ৫০ বছর আগে ইংলন্ডে ৯টা ইউনিভার্সিটি থাকতে পারে তাহলে ৫০ বছর পরে, আমাদের বাংলাদেশে ৩টার জায়গায় ৪টা ইউনিভার্সিটি হলে যে সব কিছু রসাতলে থাবে এমন কথা আমি মনে করি না। কিন্তু আমি মাননীয় মন্ত্রী হরেনবাব, কিংবা তাঁর গভর্নমেন্টকে জিজ্ঞাসা করতে চাই যে, ক্যালকাটা ইউনিভাসিটির এই পরিধি খর্ব করার আগে ক্যালকাটা ইউনিভার্সিটির মত তাঁরা গ্রহণ করেছেন কিনা? তাঁর স্টেটমেন্ট অফ অবজে**ন্ত**স এন্ড রিজন্স-এর মধ্যে বলেছেন যে পরীক্ষার্থীর সংখ্যা ১৯৪৮ সালে যা ছিল ১৯৫৮ সালে এম এ থম এ সি-তে পরীক্ষার্থীর সংখ্যা তার ডবল ২য়েছে। বি এ, বি এস সি-তে ৩ গণে বেডেছে এবং ইন্টার্রামডিয়েট ৩ই গুল বেড়েছে। ক্যালকাটা ইউনিভাগিণিট কি বাংলা গভন মেন্টকে কোন সময় এমন কিছা জানিয়েছেন যে আমরা এত বেশী পরীক্ষার্থীর সংখ্যা আরু ম্যানেজ করতে পারছি না এবং আমাদের ইউনিভাসিটির কিছু পরিমাণ এলাকা কেটে বাদ দেওয়া হোক? যাই হোক, কেন জানি না হরেনবাব, কিন্বা আমাদের বাংলা গভন মেন্টের মগজে চাকেছে যে প্রীক্ষকরা পরীক্ষার্থীর সংখ্যা ম্যানেজ করতে পারছে না। এখন মার চেয়ে মাসার দর্দ বেশা। এতদিন যাবত যারা বাংলাদেশের শিক্ষার দায়িত্ব পালন করে আসছেন তাঁদের অভিমত জানবার কোন চেণ্টাই করা হল না। কিন্ত অপর্যাদকে আমরা দেখছি হঠাৎ বাংলা গভর্ন মেনেট্র মগজে ঢাকল যে একটা নতেন ইউনিভার্সিটি করতে হবে এবং রাতারাতি একটা বিল গেজেটে পার্বলিশ করা হেলে। ১২ দিনের মধ্যে সেটা পাস করাবার চেণ্টা সরকার করছেন। এত তাডাতাডির যে কি ধারণ তা আমরা ব্রুতে পারছি না। ক্যালকাটা ইউনিভা,স্বিটর আভমত জানলে এমন কি রামায়ণ, মহাভারত অশাুম্ধ হোত? স্যার, ভারতে প্রদেশগুলির পুনির্বিনাাস যথন হয় তথন সারা ভারতবর্ষে যে যে স্টেটের কিছু পরিমাণ অংগহানি হচ্ছে সেই স্টেটের একটা অভিমত নেওয়া হয়েছিল। অথচ আমাদের এখানে যখন ক্যালকাটা ইউনিভার্সিটির জরিসভিকশান খণ্ডিত করা হাৰে তথন ক্যালকাটা ইউনিভাসিটির এই বিল সম্বন্ধে কি অভিমত সেটা জানবার সুযোগ কি তাদের দেওয়া হবে না? স্যার, যেসমুস্ত এলাকা এতদিন যাবত এই ক্যালকাটা ইউনিভার্সিটির ভাষ্ট র্ভু আছে তারা এই অন্তর্ভুত্ত থাকার জন্য গর্ব বোধ করে। ক্যালকাটা ইউনিভার্সিটি সারা ভারত এবং বাংলাদেশের একটা শ্লাঘার বস্তু। বর্ধমান বিভাগে বহু, কলেজ আছে, বহু, ছাত্র আছে, বহু অভিভাবক আছে, বহু শিক্ষাবিদ আছেন যারা এক সময়ে ক্যালকাটা ইউনিভাসিটির ছাত্র ছিলেন বলে নিজেরা গর্ব বোধ করেন এবং ডিগ্রিধারী বলে গ্রিত হন।

[6-30-6-40 p.m.]

স্যার, যেসমন্ত জেলা এই ইউনিভার্সিটির আওতায় পড়বে সেইসমন্ত জেলার লোকের কোন মতামত না নিয়ে, কলেজগুলিকে জিজ্ঞাসা না করে, কলেজের গভর্নিং র্বাডকে জানতে না দিয়ে মাত এই বিধানসভার কয়েকজন লোক একতে আলোচনা করে রাতারাতি এই বিলটাকে পাশ করে মেবেন? স্যার, আপনাকে একটা মজার গল্প বলি, শ্নন্ন। ১৯ তারিখে বিলটা পাবার পর আমি একটা ন্পনসোর্ড কলেজে গিয়ে এই বিলটা দেখাই এবং জিজ্ঞাসা করি আপনারা এই বিলটা দেখেছেন কি? সাার, সরকারী ন্পনসোর্ভ কলেজের প্রিন্সপাল, প্রফেসরস কেউ এই বিলটা দেখেছেন কি? সাার, সরকারী ন্পনসোর্ভ কলেজের প্রিন্সপাল, প্রফেসরস কেউ এই বিলটা দেখেন নি। সরকার যদি তাড়াতাড়ি করে এইভাবে একটা বিশ্ববিদ্যালয়েক জন্ম দেন, তবে মথেজভাচার করা হবে। অন্ততঃপক্ষে যেসমন্ত কলেজ এর আওতার মধ্যে পড়বে সেই সমন্ত কলেজের প্রিন্সিপালগণের কি মতামত তা জনবার স্থোগ আমরা পেলাম না, যেসমন্ত ছাত এই ইউনিভাসিটিতে পড়বে তাদের গার্জেনদের কি মতামত তা জানবার স্থাবাগ পেলাম না, বেসমন্ত জেলাগ্র্লি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে পড়বে তাদেরও অভিমত জানবার স্থাবাগ আমরা পেলাম না স্যার, এত তাড়াহ্মড়া করে বিলটা পাস করার এমন কি প্রয়োজন হয়ে পড়েছে?

৩১শে জান, য়ারি ১৯৬০ সাল পর্যন্ত জনমত সংগ্রহের জন্য যদি এই বিলটাকে সাক লেট করা বায় তাহলে কংগ্রেস পক্ষের সদসারা তাতে রাজী হবেন না কেন? কংগ্রেস পক্ষীয় লোকেরা মেদিনীপরেকে এই বিলের আওতার বাইরে নিয়ে যাবার ব্যাপারে যদি মত প্রকাশ করে থাকে তাহলে কংগ্রেস পক্ষের লোকেরা অন্য জেলাকে তাদের মতামত বাস্ত করবার সুযোগ দেবেন না किन? यादा प्रमानी रातन तास्क्रीयाती मरामस धरे विनाम धरायान महोदा का राज्य वाल বিলটাকে পাস করাতে হবে? স্যার, বর্ধমান ইউনিভার্সিটি হওয়া সম্বন্ধে ব্যক্তিগতভাবে আমার কোন অমত নেই কিন্ত আমি এই কথা বলব যে বর্ধমান ইউনিভাঙ্গিটি করতে গিয়ে ক্যালকাটা ইউনিভাসিটির যদি ক্ষতি হয় তাহলে আমরা এর ঘের বিরোধী। তাঁর কারণ সরকার এখন পর্যন্ত প্রইমারী এড্কেশন কমপালসারী করতে পারলেন না। সেকেন্ডারী এড্কেশন ব্যাপারে সেখানে ১১ ক্লাস দ্বল হয়েছে, সেই সম্পত দ্বলগুলোতে উপযুক্ত সংখ্যক শিক্ষয়িত্রী স্বব্রাহ করতে পারেন নি। বিভিন্ন জেলায় নানা জায়গাতে স্পোনসোর্ড কলেজ হয়েছে, সেই স্পোনসোর্ড কলেজ-গালিতে বিভিন্ন সাবজেক্ট পভাবার জন্য সব সময় প্রফেসার পাওয়া যায় না এবং প্রফেসার না থাকার ন্ধনা ক্রাস না হওয়ার বহা ক্রমণেলন্ট শোনা যায়। আমরা কখনও কখনও সেই কমণেলন্ট ডাঃ রায়ের কাছে পাঠিয়েও দিয়েছি। বানীগঞ্জ কলেজে ৩ মাস যাবত কয়েকটি সাবজেক্টেব কোন প্রফেসার ছিল না হিস্টির প্রেফ্সার ছিল না ফিজিক্স-এর প্রফেসার ছিল না, কেমিণ্টির প্রফেসার ছিল না, বামোলজির প্রফেস্সর দিল না - আনেক কলেজে এটা নিতানৈমিত্তিক ব্যাপার। স্যার, আমি আর একটা কথা বলতে ঘট যে বর্ধমান ইউনিভাসিটি সংক্রান্ত ব্যাপারে আমার মত সমর্থনের দিকে হলেও বিলের কতকণ লি ব্যবস্থার আমি ঘোব বিবোধী। তার প্রধান কারণ হচ্চে ঘাঁরা **কলেন্ডে** কলেজে অধ্যাপক হিসাবে শিক্ষাব কাজ চালাচ্ছেন তাঁদের কোন রিপ্রেজেন্টেসানের বাবস্থা এই বিলের কোন জায়গাতে নেই। যে অধ্যাপক সমাজ পশ্চিমবঞ্গে শিক্ষার প্রদীপ জুরা**লিয়ে রেখেছে**, যারা বহু, ক্লেদ ও গ্লানিব জ্বালা নীববে বহুন করছে সেই টিচার্স, প্রফেসারস, ডিম্মনস্টেটর্স, লেক্চাবার্সাদের বিশ্ববিদ্যালযের পরিচালক সভায় কোন রিপ্রেজেন্টেসানের ব্যবস্থা **এই বিলের** মধ্যে নেই কেন?

# 8]. Benoy Krishna Chowdhury:

ডেপ'টী ২পাকার মহাশয়, অমাদের দেশের অর্থনৈতিক জীবনকে যদি উল্লভ করতে হয়, তাহলে আমাদের দেশে সর্ববক্ষ ইউনিভার্সিটি শিক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। দেশু গঠন अधानकः मानास्थत ग्वाता १८व এवः स्मरेकना मानायरक एमम गर्रस्तत छेलस्यांभी करत लख्यात প্রযোজনীয়তা প্রত্যেক্টি পশ্চাংপদ দেশ অন্ভব করে। সেইজনা বিশেষ করে, একটা পশ্চাংপদ দেশ নাতন স্বাধীনতা লাভেব পর যথন দুটে উন্নতির পথে এগোবার চেষ্টা করে, তথন তার কাছে সর্বরকম শিক্ষাক্ষত্র বিষ্ঠারের প্রয়োজনীয়তা আছে। এখনে সংখ্যা তলে এমনভাবে कुलिएर एनवाव एक्टो अराह्य एक के विकास विकास कार्य कार्य कार्य करती है। अशास সংখ্যা তোলা হয়েছে যে ১৯৪৮ এবং ১৯৫৮ সালে এই ১০ বংসরের তলনামালক হিসাব দিয়ে দেখানার চেন্ট্রন করা হয়েছে যে যেখানে ১৩ হাজার ৫ শত ৫৬ জন ছেলে ইন্ডার্মিডিযোট প্রীক্ষা দিয়েছিল ১৯৭৮ সালে সেথানে ১৯৫৮ সালে ৪৭ হাজাব ১ শত ১১ জন: য়েখানে ৪ হাজাব ৬৮ জন ডিগ্রী পরীক্ষা দির্যেছিল ১৯৪৮ সালে সেখানে ১৯৫৮ সালে ডিগ্রী প্রীক্ষা দিয়েছে ১৮ হাজার ৮ শত ৮৮ জন: তার পোণ্ট গ্রাক্ত যেটের সংখ্যা যেখানে ছিল ১০০ জন ১৯৪৮ সালে সেখানে ১৯৫৮ সালে হাসছে ১ হাজাব ৭ শত ৮৭ জন। किन्छ এই ১০ বছাৰ একটা महिमा लका करतन मि। देशलन्य सम्भाक तिर्भाष्टे कवान भाषा वारती क्रीमीर वा जना क्रीमीर শক্ষা করেছেন য়ে হাস্থের পরে শিক্ষার রাপারে বিভিন্ন ভাষ্যায় ভারসংখ্যা বৃদ্ধি প্রকার অনাত্র কারণ হচ্চে ডিগোবিলাইকেশন। তেমনি এখানেও প্রধান কারণ হাচ্চ বাংলা বিদার এবং পার্বনজা থেকে নহা ছাত্র এখানে এসেছেন। কাজেই এটা ব্যাপক শিক্ষা বিস্কৃতির পরিচাষক নম। ২-৩টা প্রদন এখানে উঠেছে যেগর্লি আমি মনে করি প্রসণ্গিক এবং যেগালিব আলোচনা হওবা উচিত। এই প্রদত্তবিত যে ইউনিভাঙ্গিটি কর এলাকা কোন কোন ফোলা নিস হওয়া উচিত তা নিয়ে বিচাব এবং আলোচনার অবকাশ আছে এবং শিক্ষার দিক থেকে সমস্ত কিছা বিসেচনা কৰে ৰোপায় সাবিধা হয় সেটা দেখতে হবে। সেদিক থেকে প্ৰদান উঠেছে উত্তরবাঞ্চা একটা ইউনি ভাসিশ্ট ক্রবার প্রয়োজনীয়তা অতানত বেশি, কিন্ত সেটা বড কথা নয়। প্রধান যে কথা যেট সনক্রের প্রথম লক্ষ্য করা উচিত সেটা হচ্ছে, এই যে ইউনিভার্সিটি করা হচ্ছে এটার ধ্বারা কি শ্রাং কোলকাতার

: যে চাপ সেই চাপকে সরানো হচ্ছে? তা যদি হয় তাহলে ইউনিভার্সিটির দিক থেকে বিবেচনা করে ক্ষেথতে হবে যে, ইউনিভাসিটির প্রধানতঃ তিনটে কাজ। একজামানং ইউনিভাসিটি হিসাবে धार्षिनित्रार्टिफ करनारक भन्नीकान वारम्था कन्नारन-रम्हे। अस्न किन्द्र वारभान नम्न, छात्र बना বিশেষ করে কয়েকটা আলাদা আলাদা ইউনিভার্সিটি করলে হোত। আন্ধকাল যে সংখ্যক ছাত্র পর্বাক্ষা দেয়, তাতে ট্যাবলেট করে অনেক সমর রেজাল্ট বের করতে দেরী হয়—তার কারণ হছে, এত সংখ্যক পরীক্ষার্থীর জন্য একটা কেন্দ্র থেকে সব কিছু করা অসম্ভব। সেদিক থেকে ডিসেন্ট্রালাইজেশনের কাজে আরো একজার্মিনিং ইউনিভার্সিটি প্রয়োজন আছে, কিল্ড তার চেয়ে যেটা বঙ কথা সেটা হচ্ছে পোর্ট গ্রাজ্ময়েট ট্রেনিং, পোষ্ট গ্রাজ্ময়েট ট্রিটিং ইউনিভার্সির্বির প্রয়োজনীয়তা রয়েছে। আমাদের দেশের প্রয়োজনীয়তার দিক থেকে এটা একটা ভয়ৎকর ব্যাপার। তারপরে প্রত্যেকটা ইউনিভার্সিটির সাথে রিসার্চএর যথেষ্ট সুযোগ থাকা দরকার. রিসার্চ এর সংযোগ না থাকলে হয় না। স্টেটমেন্ট অফ অবজেক্ট্রস এটান্ড রিজনএ বলবার চেণ্টা করেছেন যে কতকগ্রলি বিশেষ টেকনোলজিক্যাল বিষয়ে শিক্ষা দেয়া হবে। একটা চিঠিও এখানে উন্ধৃত করা হয়েছে এবং দেখানে টেকনোলাজক্যাল বায়ার্স কথাটা বাবহার করা হয়েছে. র্যাদিও বায়াস্ শন্দটা ভাল নয় কিল্ড একটা ফ.ল ফ্লেজেড ইউনিভাসিটি, তার টেকনিক্যাল এডকেশন বলতে কি ব্যোয়? কাগজে বেরিয়েছে র ডকীতে সমাবর্তন উৎসব উপলক্ষে বস্তুতা দিতে গিয়ে প্রেসিডেন্ট রাজেন্দ্র প্রসাদ বলেছেন বিজ্ঞান তার সেই উল্ভাবনী শক্তি নিয়ে মান্যকে শক্তি দিল, সেই শক্তির প্রয়োগ কিভাবে হবে-তার জন্য প্রয়োজন অন্য শিক্ষা। সেজনা ১ন.ষম্ব বিকাশের দিকটা রয়েছে কিন্ত হিউম্যানিটিজ তার গরেত্ব খর্ব করে নয়। অন্যভাবে এটা করতে হবে। টেকনোলজি বলতে বিজ্ঞান শিক্ষা পিওর সায়েন্স সেটা মনে রাখতে হবে। এরকম অনেক জিনিস কেম্ব্রিজে হয়েছে, বিভিন্ন জায়গায় হয়েছে। জার্মানী বা ইউরোপের বিভিন্ন জায়গায় শুধু টেকনোলজিক্যাল ইউনিভার্সিটি আছে এবং অনেক জায়গায় ইউনিভার্সিটির সাথে আটাচড কলেজ আছে। আমি লন্ডন ইউনিভার্সিটির কথা বলছি সেখানে ইন্পিরিয়াল কলেজ অফ টেকনোলজি আছে, লন্ডন দকল অফ ইকনোমিকস আছে। এথানে আপনি যদি প্রয়েজন মনে করতেন তাহলে দুর্গাপুরকে কেন্দ্র করে আর্পান করতে পারতেন, কিন্তু সেটা শ্ধ্ উদ্দেশ্য নয়, কারণ এ জিনিস চাইবো না যে বর্ধমান ইউনিভার্সিটিতে একজন পোণ্ট গ্রাজ্বয়েট তিনি আর্টস হোন, সায়েন্স হোন. তাঁর ষ্ট্যান্ডার্ড অফ টিচিং কম হোক। সেথানে ফান্ড।মেন্টাল রিসাচের দিক থেকে সাযোগ সাবিধা দেওয়া দরকার এবং সেদিকে কাজে লিপ্ত থাকবে--এ জিনিস হলে পর ভাল হোত।

## [6-40-6-50 p.m.]

তখন সেদিকে লক্ষ্য রাখতে হবে। এখানে একজন টেকনোলজিক্যাল কায়াসএর কথা বলে গেলেন। সেখানে কিভাবে ইউনিভাসিটি গঠিত হবে তা পড়লাম ক্রজ ৮এতে দেখলাম এখানে টেকনোলজিক্যাল বায়াস কথাটার একটা অত্যন্ত কদর্থ করা হয়েছে। সেখানে একজন ম্যানেজারকে নিয়ে আসা হয়েছে। যার কথা বলা হয়েছে খ্রী কে কে সেন—অমি অন্ততপক্ষে তিনি একজন আই সি এস অফিসার হলেও তাকে যথেণ্ট ভাল লোক বলে মনে করি। কিন্তু আমি অবাক হয়ে যাই যে যাঁরা এত করলেন—চিত্তরপ্ধন লোকোমটিভএর ম্যানেজারএর কথা ভাবলেন, দ্র্গাপ্রের ম্যানেজারএর কথা ভাবলেন, চিত্তরপ্ধন লিউলএর ম্যানেজারএর কথা ভাবলেন, তাদের একবারও খঙ্গাপ্র টেকনোলজিক্যাল ইনিস্টিউটএর ডাইরেক্টরএর কথা মনে এল না. মেদিনীপ্র হয়ত পরে এই বিশ্ববিদ্যালয় থেকে বাদ যাবে, কিন্তু এখন তো রাখা হয়েছে। কি রকম একটা দ্র্যিভঙ্গা এখানে রয়েছে। শৃন্ধ আমার কথা নয়—ইয়ার ব.ক অফ এড়কেশন, ১৯৫৫ এবং এই বাঁরা লিখেছেন তাদের মধ্যে রয়েছেন কলন্যে ইউনিভাসিটির বিশিণ্ট টিচার জর্জ ছে, টি ফ্রেডেরিক, লন্ডন ইনিস্টিউট অফ এড়কেশনএর জোসেফ লয়েড– এবা বলেছেন আনডেভেলপড কাউণ্ডিস হিসাবে ইন্ডিয়ার নাম করে বলেছেন

"as a result of British Government's policy Indian Universities were never autonomous in themselves by scholars. They were controlled by administrators and the influence of Government was powerful and direct, though this is not to say that professorial opinion plays no part. Political

agitation also strongly influenced the pattern of Government. Under such conditions it was hardly possible for the universities to establish their motto".

এই জিনিস তারা ওয়ানিং দিয়ে গেছেন এবং এটা মনে রাখতে হবে, আমি অত্যন্ত দীর্ঘ आत्माठनाय याध्व ना. এই निरंत यात्रा आत्माठना करत्राह्मन जाता प्रतिके विषय निरंत आत्माठना করেছেন আকাডেমিক ফ্রিডাম আন্ড সোস্যাল রেসপন্সিবিলিটি এই দটোর সংগতি রেখে গোভেদ মিন নিয়ে যদি ইউনিভাসিটি পরিচালিত না হয়, তাহলে ইউনিভাসিটিতে কোন কাজই হবে না। বিভিন্ন ফ্যাকাল্টিজ সেখানে কি পড়াবেন? সাধারণভাবে পড়ান আর এক্সমিনিংএর ব্যবস্থা এক জিনিস। কিল্ড এর জন্যে যারা জীবন ভরে সাধনা করছেন, যার। বিশেষজ্ঞ তারাই ঠিক করতে পারবেন। তা ছাড়া সাধারণ কোন লোক তিনি যতই ভাল আড়মিনিস্টেটর হন, তার পক্ষে এ জিনিস ঠিক করা সম্ভব নয়। সেজন্যে প্রভোক দেশেই ফ্যাকাল্টিজগুলের একটা বিশেষ গুরুত্ব এবং দায়িত্ব দেওয়া হয়েছে। সেদিক থেকে এখানে কিছাই করা হয় নি। আমাদের একথা ভাবতে হবে ১৯৫১ সালের পর তিনটি ইউনিভাসিটি আর্ক্ট এসেছে। ব্যালকাটা ইউনিভার্সিটি আর্ক্ট, ১৯৫১ সালে হয়েছে। স্বাধীনতার পর নোডন ওরিয়েন্টেশন অফ থিংকিং যদি এসে থাকে তাহলে ১৯৫১ সালে ক্যালকাটা ইউনিভার্সিটি আাই করলেন, তারপর যাদবপরে করলেন, আবার এখন করছেন, কিন্ত তব্ও এদের মধ্যে সিমিলারিটি নেই—ক্যালকাটা ইউনিভাসিটি আক্টে যথন করেছেন, তথন ব্যাপকতর ভিত্তি নিয়ে সিনেট করেছেন সেই সিনেটও কলকাতার আশেপাশে যেখানে যত ধরনের শিক্ষা ব্যবস্থা এবং ওই ধরনের প্রতিষ্ঠান আছে, সেই সমস্ত প্রতিষ্ঠানগু, লির হেড নিয়েছেন ইলেবটিভ বেসিসএ। কিল্ড একটা জিনিস মনে রাখতে হবে শিক্ষা যারা নেবে বা পাবে সেখানে সাধারণভাবে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অভিভাবকদের রিলেশন থাকা দরকার। আমরা লক্ষ্য করেছি ইংল্যান্ডএর ক্ষেত্রে একমাত্র অক্সফোর্ড কেমবীজএর মত জায়গায় আকাডেমিসিয়ান ছাডা লেম্যানদের কোন সম্পর্ক নেই। স্কটিশ ইউনিভাসিটিগ্রলিতে যেমন এডিনবার্গ, ক্লাসগো, আরোডিন সেগ্রলি ইউনিভার্সিটি আরু, ১৮৯৯এর উপর ভিত্তি করে হয়েছে, সেখানে আকাডেমিসিয়ান আট দি সেম টাইম লেমান উভয় দিক থেকে প্রতিনিধিত থাকে।

একটা কথা আমরা শুনতে পেয়েছি। এই বিল রচনার ব্যাপারে যার হাত আছে, তিনি বর্ধমানে একটা আলোচনা সভাতে এই রকম মত ব্যক্ত করেছেন যে, আজক'ল বিভিন্ন জায়গায় যে রকম দলাদলি থাকে তা থেকে বিশ্ববিদ্যালয়কে ম.স্ত রাখতে একটা বাবদথা করতে গয়েছে। এখনে মনে রাখতে হবে আমাদের সমাজ জীবনে যদি দলাদলি থাকে তাহলে কোন প্রতিষ্ঠান থেকে রাজনীতিকদের বাদ দিলেই সমাজ দলাদলি থেকে মতে হয় ন।। দলাদলি কোথায় নেই? আমরা জানি বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্যে দলাদলি আছে আই সি. এস অফিসারদেব মধ্যে দলাদলি আছে। দলাদলি থেকে কোন জায়গা মুক্ত আছে? কালকাটা ইউনিভার্সিটি আক্ট অনুসারে ডি পি আই, যিনি, তিনি অতাক্ত প্রতাক্ষভাবে আরও সাক্ষ্যভাবে শিক্ষার সংখ্য যাত্ত থাকেন তাকে ব্যতিল করে সেক্টোরী, এডকেশন ডিপার্টমেন্ট তাকে করা হল। তিনি জ্ঞানেন চিরকাল ডি. পি. আই এবং সেক্রেটারী, এডকেশন ডিপার্টমেন্ট এই দূই পদ দখল করে থাকা यादव ना, তব্ও मलामिल সংযোগ নিতে ছাড়েন নি। সংতরাং मलामिल সর্বর আছে অন্য rrre এই निरं चारनाहना हात थारक। अथारन प्रथा शान कराककान अधिनिशान अवः किछा रेन्छान्धिराजिन्छेएनत् आभागित कता २००७। अकस्य वनात्म खिवसार कर्मभरम्थात्मव উल्पारमा এটা করা হয়েছে, কিন্ত এইভাবে কি এমপ্লয়মেন্টএর সমস্যার সমাধান হয়? এই রক্ম উন্দেশ্য র্ষাদ গোড়া থেকে থাকে, তবে সেটা বড় ভীষণ অবস্থা। এককালে ইংরাজ আমলে আমাদের যে শিক্ষার ব্যবস্থা চাল, ছিল, তার মুখ্য উদ্দেশ্য ছিল, তাদের শাসন ব্যবস্থা বজায় রাথবার উপযান্ত অ্যাডমিনিস্টেটর এবং অফিসারস সৃষ্টি করা। ইন্ডাস্ট্রিয়াল ম্যাগনেটদের প্রয়োজনমত তাদের ক্যাডার সাপ্লাই করবার জন্য ইউনিভার্সিটিকে যদি একটা ফাক্টরী মনে করে থাকেন. তাহলে শিক্ষার অত্যন্ত বিকৃত ব্যাখ্যা করা হবে। মনে রাখতে হবে যে যুগে বসে তাঁর। সকলে শিক্ষার আলোচনা করছেন তথন শিক্ষা জগতে নব নব চিন্তাধারার বিকাশ দেখা দিচ্ছে। পশ্চাৎপদ ভারতের কথা বাদ দিন—সবচেয়ে ধনতান্দিক বাবস্থায় উন্নত যাকে মনে করা হয়, সেই আমেরিকা নোতনভাবে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজতে চাইছেন। তারা ব্যথতে পেরেছেন

ভাদের শিক্ষা ব্যবস্থার মৌলিক কোন গলদ রয়েছে, তাই তারা কতকগুলি ক্ষেত্রে পিছিরে গেছে। সেখানে যখন রিথিগেকং হচ্ছে, তখন সেসব কথা বিবেচনা করে, সেই দৃণ্ডিভগার পরিপ্রেক্ষিতে জামাদের শিক্ষা ব্যবস্থার ফান্ডামেন্টাল দিকগুলি চিন্তা করবার প্রয়োজন আছে। তা চিন্তা না করে আজ এইভাবে নোমিনেটেভ বভির উপর শিক্ষা ব্যবস্থাকে ছেড়ে দেওরা হচ্ছে। আমরা দেখতে পাছি ক্রমে ক্রমে এখানে শিক্ষার যেমন চাহিদা বাড়ছে তেমনি অবার ইউনিভাসিটি কেমন হবে, কি পন্ধতিতে চলবে, কি শিক্ষা ব্যবস্থা থাকবে ইত্যাদি সন্বন্ধে লোকের ধারণাও মানাভাবে ব্যাপকতর হয়ে উঠছে। এখানে একজন বললেন, আমরা যা করছি সেটা হল গ্রামীণ বাংলার উপযুক্ত ইউনিভাসিটি; কিন্তু আমি বলি সেটা হচ্ছে না। একদিকে পশ্চিমবাংয়ার সর্বান্ত দার্গ খাদ্যভাব সেখানে ফ্রড প্রোডাকশন বাড়ানর কথা চিন্তা করা হছে। দেখতে হবে যে এলাকা নিয়ে এই ইউনিভাসিটি হচ্ছে, সেই এলাকাগুলি দামোদর ভ্যালী কর্পোরেশনএর অন্তর্গত। যে জেলাগুলিই হোয়াট রিমেইন্স অফ বেন্ডাল খাদ্য উৎপাদনের দিক থেকে বলতে ব্রিম সেই জেলাগুলিই এই বিন্ববিদ্যালয়ের আওতায় পড়ছে।

[6-50-7 p.m.]

শংশু ইজিনিয়ারিং কলেজ খুললেই হবে না। এমন কি এই যে পালটেকনিক, তা যেন প্রতি জেলায় জেলায় খুলে ওপেনিংএর বারস্থা করা হয়, তাহলে কিছুটা কাজ হবে। এইভাবে ইউনিভার্সিটি করে সিলেক্টিভ স্ট্রেডেন্টস নিয়ে যদি তাদের ভালভাবে শিক্ষিত সরা হয়, তাহলেই কাজ হবে, নইলে এম এস, সি পাশ কিংবা এম এস, সি বি এল তৈরি করে কোন লাও হবে মা। এসব জিনিস মনে বেখে আসেত আসেত এগতে হবে, এটাই বলতে চাইছি। শিক্ষার নবেস্থা সিবিয়াসলি যাতে হস, এটাই দেখতে হবে। নইলে কলকাতা বিশ্ববিন্যালয়ে দেখহি ১৯৮টি পোস্টে ভালকিস রয়েছে, ইংরাজীতে ৩২টি, বাংলায় ১২টি, সংস্কতে ৭টি, ইতিহাসে ৮টি, ফিলোজফিতে ৭টি, ইকানমিকসএ ৪টি, ম্যাথেফেটিকসএ ৩টি, ফিজক্সএ ৮টি কোমিপ্রতে ১৯টি, বোটানীতে ৯টি, জিওলজিতে ১টি—এ ধরনের বাবস্থা আপনারা করে। দেখেল বিশ্বেষ কবে উল্লেখ করবো কেমিপ্রিট এবং ফিজক্সএ তে প্রফেসর পাওয়াই যায়

ভারপর প্রধান কথা হল কলকাতা বিশ্ববিদ্যালয়কে ১৬ লক্ষ্ণ টাকা দেবেন এক বছরে কিন্ত একটা ইউনিজাসিটি স্টার্ট করতে যাচ্ছেন, তার জন্য ফিনান্সিয়াল প্রভিশন কোথায়। কিছুটা গিফট এনডাউমেন্ট পাওলা যাবে কিন্ত কত্টা মাটেবিয়ালাইজ ক্ববে তার ঠিক নাই: কিন্ত এক বড় ব্যাপারে ফিনান্সিয়াল বেসিস কোথায়? শুধ্য স্বংন ছবি দেখলে কাজ হবে না। আমার মনে আছে স্বর্গত হারেন্দক্মার মুখার্জি মহাশ্য একবার কনভোকেশন আাডেসএ বলেছিলেন বিলাতের দাঘ্টাত দিয়ে যে অন্ততঃপক্ষে ট্র-থার্ড অফ দি টোটাল এক্সপেন্ডিচার সবকার পেকে দেওগা উচিত। রেকারিং গ্রাম্টএব ব্যাপাবে আমরা দেখছি ১৯৫১ সালের ফিগার থেকে বলছি প্রায় ১৬ মিলিয়ন পাউন্ড, প্রায় ২২ কোটি টাকা ব্রটিশ এক্সচেকার থেকে দেওয়া হয়েছে। আৰু গোট বিটেনএ লন্ডন ইউনিভার্সিটি পোষ্টাছ ৫ মিলিয়ন পাউন্ড প্রায় ৭ কোটি টাকা। আমাদের এখনে তার কি বাবস্থা? সেজন্য স্বভাবতই এ প্রণন আসে টাকার বাবস্থা। না হলে কি কবে হবে? আমবা দেখেছি ইংলন্ডে দুহান্তার ৪ হান্তার নিয়ে এক একণি ইউনিভাসিটি বয়েছে। আমাদের এক মেদিনীপরেই প্রায় ২২ হাজার স্টাডেন্ট রয়েছে, সেদিক থেকে মেদিনীপ রের ছাত্র সংখ্যা লন্ডনের সকল ফিগারএর চেয়ে বেশি। সেজনা আমাদের এখানে আরও বেশি ইউনিভাসিটি গঠন করবার দ্বোপ রয়েছে কিন্ত আমি কোন কন্ডিশন প্রিসিডেন্ট কবতে চাই না আজকে লক্ষ্য রাখতে হবে যাতে প্রাকটিক্যাল এডকেশন বাডে। এই সমুহত দিকে যেন নজব বাখা হয় এবং এডকেশন বাবস্থার উপব অফিসিযাল কন্টোল না পড়ে त्रिणे व्यक्तियाल एक्टिन्स्टिक ना इय।

## 8j. Dasarathi Tah:

বর্ধ মান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য যে প্রক্রতাব এসেছে বিলে আমি তাকে অকুণ্ঠিতভাবে সমর্থন ও অভিনদ্দন জানাজি। উপাধাক্ষ মহেশ্দয়, আজকে বিরোধী পক্ষ থেকে যাঁবা এ সম্পর্কে ভাষণ দিয়েছেন, আমি তা শনেছি এবং তাতে এটা দেখেছি কেই কেই আফাদের শুস্থেষ নেতা শ্রীশিশির দাসের বন্ধৃতার স্থলের পই দেখেছেন, তার স্ক্রের প দেখেন নি। তাঁর বন্ধৃতার তিনি

সরক'রকে এবং সরকারী নীতিকে চরমভাবে সমালোচনা করেছেন, সে সম্বন্ধে সম্পূর্ণ আমর্রা এক মত। কিন্তু তিনি বলেছেন যে সত্যই আমাদের বর্ধমানে যদি ইউনিভাসিটি হয় বা আর কোথাও হয় তাতে তাঁর আপত্তি নাই, যদি সেখানে সত্যিকার শিক্ষক এবং শিক্ষার বাবস্থা থাকে। আঘাবক ঠিক সেই কথা।

আক্ত পেকে ৫ বছর আগে ১৯৫৫ সালে ১১ই মার্চ এই বিধান সভায় আমিই প্রথম বর্ধমানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুরোধ করেছিলাম সরকারকে আজ সেটা প্রায় কার্যাকরী হতে চলেছে দেখে বিশেষভাবে আমি আজ খুসী। এরা প্রায় প্রতোকেই বিকেন্দ্রীকরণের কথা বলেন আমি ट्रमुटेडि এই প্রসংজ্য তংকালীন মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে মনে করিয়ে দিতে চেয়েছিলাম. যে জন্মানা দেশে ও রাজ্যে বিশ্ববিদ্যালয়ের যে সংখ্যা আছে, আমাদের এই পশ্চিমবংশে তা निकारक नाके। ऐकत अरमान क्रिका विकास माणे अवर आस्थ्र । अ स्वास्वत विन्यविमानस्यानित কথা উল্লেখ করেছিলাম তখন আমি এই কথাও বলেছিলাম যে, অমাদের এই রাজ্যে লোকসংখ্যার অনুপাতে বিশেষকরে কলকাতার বাইরে আরও কয়েকটি বিশ্ববিদ্যালয় হওয়া দরকার। পশ্চিমবংগ্রে মফঃস্বল শহরের মধ্যে বর্ধমান শহরে ইহা সর্বাগ্রে করা প্রয়োজনীয়ভার কার্ণস্বরূপ বলেছিলম। দামোদ্যের দার্গাপার ব্যাবেজ হয়েছে তাতে বাঁকড়া এবং সীমা নির্ধাবণ ব্যবস্থা হলে প্রেলিয়া প্রভৃতি অঞ্চল যা বাংলায় আসবে ঐ অঞ্জেব সংখ্য বর্ধমানের ঘনিষ্ট সংযোগ হবে এবং ইলামবাজারে অজয়ের পাল সম্পূর্ণ হলে বীরভম মার্মিদাবাদ ও উরেব বংগের সংগ্র বর্ধমানের সংযোগ হবে। ইতিমধোট বর্ধমানের চ্ছাদিকে এমন কি গ্রামাণ্ডল্প বহু কলেজ পথাপিত হয়েছে। আয়াদের মেদিনীপারের বন্ধারা মনে করেছেন বর্ধমানে ভাল শিক্ষা হার না क्रिशास जाल चित्रांक जागण शरकमत शायन ना क्रिको अक्को खकरतत विश्वतिमालय शरत ठिक এই কথাই আমি আমাদের অসল শিক্ষামন্ত্রী ডাঃ রায়কে বলেছিলাম শিক্ষামন্ত্রী তো 'ব' কলম মুক্তী হয়ে বনে আছেন। ডাঃ বায়কে গত অধিবেশনের পূর্বে এক কমিটি মিটিংএ বিধান সভার অধিবেশন বিসাদে এত দেবী কবছেন কেন প্রশন করায়, তথম ডাঃ বায় বালছিলেন তোমাদেব বর্ধসান ইউনিভাসিটি দিল এখনো দৈবী হস নি। তারপর দেখা গেল ঐ অধিবেশন আনেক शत दमाला करते किन्तु कर्पणान हैन्द्रेनिज़र्गभिति विख्य कान है। ताका है जीभावभान काल না। আমাৰ অভিযোগ, ঐ অধিবেশনে বিলটি পুচাৰ কৰে মতামূদ প্ৰকাশৰ সাযোগ দিয়ে এই राभिद्रभारा रेश्रभ रूतरल जाल रहारचा अवः अवाश्र नाजाहारण कात्र अते श्राम कतार रहारामा गा। বুদি পাৰ্শন্তৰ বক্তৰাটাও ডাঃ বাষেৰ হাখা থেকে হোড় ভাহলে অনেক জিনিস পৰিচকাৰ তেতে। আম দের শিক্ষামালী এখানে ব্যোভন আমি তাঁকৈ জিজাসা ক্রভি নিনি কি মান পাণেই বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্মত চ্যাচ্চন দিনি নিজে এ প্রস্থান ওক্ষার্ভ বর্ধায়ান ইট্লিড্রাসিটিব জায়গা দেখে এসেছেন কি<sup>২</sup> তিনি এখনো দেখতে যান নি। বর্ধমান মতাবাছের গোলাপ বাগে আগে পশালা ছিল সেটা উঠে যাবাব পূব তার স্থান দুখল কবলেন কংগ্রেস। অর্থাৎ সেখানে কংগ্রেস সম্মেলন হওয়ার পর সরকার গোলাপ বাগ ও রাজনাটীকে নিয়ে ভবঘানাদের আছন করেছিলেন। সেটা তলে দিয়ে ঐ স্থানে বিশ্ববিদ্যালয় প্রতিটোব জনা ১৯৫৫ সংল আমি যে পুষ্ঠার করেছিলাম সেটা এখন কার্যাকরী করছেন দেখে সর্কার্কে আবার ধন্যাদ দিছি। কিংত ত্র আমি আবেকবার আমাদের শিক্ষামলীকে বলব ভাষণাটা তাঁর এববার দেখে আমা উচিত্ िष्ठल। काशाय काम करत ना करत जात कि**ष्ठ के किए निर्देश काम काम काम करा**न छैलया के खासभा নাই। শুনছি রাজ কলেজে নাকি পোষ্ট গুজুয়েট কাস হবে। বর্ধমান রাজ কলেজ সরকারী श्रीविक्रांनामधीरम् यात्रात श्रेत रमश्रास्म मा खाएक खाएमात्रम् । खाएक खार्भारतकेन हेन्सिन किक्रा नाठे। সরকার দেখানেই হাত দেয় সেখানেই এই অবাবস্থা। তাই স্বকারী পরিচালনার এই প্রদত্বিত বিশ্বলিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে শিক্ষা সম্বশ্ধে মান্ধের মনের আতংক এখনো मात देश नि । एक्टबा**टे वर्लीक यीम अ**ख्यिकारत्त्व चाम**र्ग** निर्म्वविमालय कवान्छ हान धवर अकलारक राम्बाहरू हान हर दर्शभान निम्त्रिमालय कार्य भक्तश्रम्बाल खाममा स्थानीय मिक्का नानस्था कनास्त्रन ভাহলে হাছারা কেউ প্রিবাদ করব না। আপনারা এই বিশ্ববিদ্যালয় হতে যেদিনীপার হাওড়া हिला टार फिरएफून । अमिरक कलाजीरक सांकि अकरो विश्वविद्यालय रूपवे कि शामवश्रास्त्र মত বেসিক্তিক্ষণ ল ইউনিভাসিটি হবে তা জানি না। সেজনা আমি এখানে মার্শিদানাদ ও নদিয়াকে এই বিশ্ববিদ্যালয়ের অধীন আনবার পুস্তাব করছি। নদিয়ার সংগে আমাদের বোগ্যোগ অতান্ত নিবিড। শ্রীচৈতনা গৌর পাদেব আমাদের কাটোয়ায় মাথা মাডিয়ে কেশব

ভারতীর কাছে দক্ষি নিয়েছিলেন, এজনা নদিয়াকে নিলে আমরা খাসি হব এবং নদিয়ার এতে আপত্তি থাকার কারণ নেই। তা ছাড়া নবন্বীপটি ভাগীরথীর বামতীরে বর্ধমানের সহিত সংশিল্ড। সরকারী নাঁতির উপর আম্থা নাই বলেই মেদিনীপরে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আসতে সাহস করছে না। আমার বিশ্বাস বর্ধমানের সহিত যাতায়াতের সহজ সংযোগ হলে অবশেষে মেদিনীপ্রেও আসবেন। যাই হোক, সুকল কথার আসল কথা, টাকা—আপনাদের মা ভবানীর ভাতারে কি আছে না আছে জানি না। সেই বিষয়ে আমি এখন যাচ্ছি না। বর্ধসানের গরীব লোকের ছেলেপিলেরা যাতে অন্প পয়সায় লেখাপড়া শিখতে পারে, সেই বাবস্থা হরন। র্যাদ আপনারা ঘোষণা করতেন যে, গরীব লোকের ছেলেরা বিনা পয়সায় লেখাপড়া শিখতে পারবে, র্যাদ বলতেন এর জন্য ১ কোটি কি দেড কোটি টাকা ঠিক করা হয়েছে, তাহলে না হয় আমাদের একটা আশা আকাক্ষা হত। কিন্তু আপনাদের না আছে গোত্রের ঠিক, না আছে নক্ষত্রের ঠিক, সবই আন্দাল আ: অনুমান এবং পরিকল্পনা। তাই আমি বলছি ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কি কি আয়োজন হয়েছে এবং কতদুর অগ্রসর হয়েছে, তার কোন বিবরণ আপনার। দিলেন না। এইসব এবং কোখায় ক্রাস হবে, কবে থেকে ক্রাস হবে, এগর্মল আগে ঘোষণা কর্মন। আমরা ইউনিভাসিটি চেয়েছিলাম, কিম্ত এরকম ব্যবসাদার মার্কা ইউনিভাসিটি চাই নি-বিলে দেখছি -ইস্ট বেংগল সে,সাইটি ইড্যাদি কয়েকটা কোম্পানি বাদ দিয়ে আর সব কোম্পানিকেই আপনারা এর মধ্যে নিয়েছেন। সব কিছু এর সরকারী। সরকারী শুঙ্খলে আবন্ধ আন্টে প্রষ্ঠে বাঁধা এই রক্ম বিশ্ববিদ্যালয় আমাদের কামা ছিল না। আপনি তো শিক্ষা সম্বন্ধীয় খবি। आर्थान एवा कारनन, भारन्य कन्दारक विना। वरल, "मा विना। या विमा, इरा," তादारकरे विना। वरल, যাহা বিমারি সাধন করে, অর্থাৎ সর্ব রকমের মাত্তি প্রদান করে। কিন্তু এক্ষেত্রে শা্ধা বিদ্যালয় नरर--विन्वविभागाः । এখানে তাহা পরিচালনায় কেন তাহার স্বাধীনতা হরণ করছেন? তাই আমি বলছি, এখনও সময় আছে, আপনারা বিবেচনা করে দেখনে, তাহলে আর আমরা সার্কলেশন মোশনএর উপর বেশি জোর দিব না। আসনে সকলে মিলে একটা পরিংকার পরিচ্ছম ব্যবস্থা করা যাক। এরকম এক চক্ষ্য ব্যবস্থা করবেন না। এই প্রসঙ্গে আরেকটা কথা বলেই আমি আমার বছর। শেষ করব। শিক্ষা মন্দ্রীকে আমি পনেবার বলছি, তিনি একবার নিজে গিয়ে বর্ধমানে গিয়ে বিশ্ববিদ্যালয়ের স্থান দেখে আসনে। রাজ বাড়ীর খানিকটায় সেটেলমেন্ট অফিস হয়েছে, এখন সেটাও নাকি বিশ্ববিদ্যালয়ের জন্য নেওয়া হচ্ছে। লর্ড কার্জনের ঐ অংশের প্রাণ্গণে কথাতে মর্মার মাতি এখনো দন্ডায়মান। আমার অনুরোধ এই মাতিটি ডুলে দিন। যদিও বৃহস্পতিবারের বারবেলায় এই বিল এনেছেন, তাতে যদি কোন গ্রহ বৈগনের আশুখ্রা থাকে, তার জন্য কখ্যাত অলক্ষণযুক্ত কার্জনের মতিটি অপসারণ করে তা কাটিয়ে দেন। বিষে বিষক্ষয় হউক। এই বলে আমি সংশোধন সাপেকে এই বিলকে সমর্থন করে আমার বক্তবা শেষ করছি।

Mr. Deputy Speaker: There shall be no questions tomorrow. We shall take up the resolutions,

## [Adjournment]

The House was then adjourned at 7-3 p.m. till 3 p.m. on Friday, the 27th November 1959, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 27th November, 1959, at 3 p.m.

#### Present:

Mr. Deputy Speaker (Shri Ashutosh Mullick) in the Chair, 16 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 209 Members.

[3-3-10 p.m.]

#### Non-official Resolution

Shri Narendra Nath Sen: Sir, I beg to move-

Having considered carefully-

the situation which has arisen as a result of the forcible occupation by the Republic of China of large blocks of territory in the North-Western and North-Eastern areas of India which amounts to Imperialist aggression,

#### Considering-

that the influx and infiltration of undesirable aliens, and Chinese nationals in Kalimpong and its neighbourhood may prove to be a menace to India and endanger the safety and security of the Republic of India,

#### Realising-

that the sinister and anti-State activities of certain political parties and persons are intended to undermine the loyalty of the people of India.

and that by such activities the Indian unity and territorial integrity might be seriously jeopardised.

This Assembly records its emphatic protest against the activities of the Chinese Republic and the anti-national political parties in India, and urges upon this Government to represent to the Central Government to take strong and effective measures against such activities which, in the opinion of the Assembly, if unchecked, will result in disruption, chaos and ultimate breakdown of the national solidarity and sovereignty of the country.

স্যার, আমার প্রস্তাবটা মূলতঃ তিন ভাগে বিভক্ত। প্রথম হচ্ছে, সাম্রাজ্য প্রসারী গণতান্ত্রিক চীন কর্তৃক ভারতের উত্তর পর্ব ও উত্তর পশ্চিম সীমান্তের কতিপয় অঞ্চল জোরপূর্বক দখল করার ফলে যে অভ্যুত বিপল্জনক পরিস্থিতির স্থিট হয়েছে, সে বিষয়ে আলোচনা করে কর্ত্ত্বরে নির্ধারন করা। দ্বিতীয়তঃ, পশ্চিমবঙ্গের দার্জিলিং, কালিংপঙ ও অন্যান্য কতিপয় অঞ্চলে চীনা বৈদেশিক গ্ৰুত্তিরর ভারত বিরোধী প্রচার ও কার্যের ফলে ভারতের যে সম্হ বিপদ দেখা দিয়েছে। সে বিষয়ে আন্তেক্রনা করে কর্ত্ব্য নির্ধারন করা। তৃতীয়তঃ, কোন কোন রাজনৈতিক দলের লোকের রাষ্ট্রদ্রাহী প্রচার কার্যের ফলে ইন্ডিয়ান ইউনিট অ্যান্ড টেরিটোরিয়াল ইন্টিগ্রিটি যেভাবে বিপদ হতে চলেছে, সে বিষয়ে আলোচনা করে কর্ত্ব্য নির্ধারন করা। এবং এই তিনটি বিষয়ে আলোচনা করে সাম্রাজ্য প্রসারী চীন এবং ঐসব রাজনৈতিক দল ও ব্যক্তিদের বিরুদ্ধে অনিলন্তের উপযুক্ত ব্যক্ত্র্যা অবলন্ত্রন করে ভারতের নিরাপত্তা রক্ষার ব্যবস্থার জন্য ভারত সরকারকে অনুরোধ করা।

শ্যার, চীন সরকার ভারতের উত্তর পূর্বে নেফা অঞ্চলের লরঞ্চ ইত্যাদি কভিপয় স্থানে এবং উত্তর পশ্চিম অঞ্চলে লাডাকের এক অংশ জারপূর্বক দখল করে এক অভ্নত পরিস্থিতির স্থিতি করে তুলেছে। এছাড়া তারা ভারতীয় সীমান্তের এক বিরাট অংশ দাবী করে বসেছে। স্যার, যে সময় পরস্পর বিরোধী র্শ ও মার্কিন সরকার সামিট কনফারেন্সে মিলিত হয়ে বিশ্ব-শান্তির প্রচেডায় বাস্ত, ঠিক সেই সময় কম্নিস্ট চীনের এহেন কার্য্য সময় বিশ্বে একটা বিভাম ও বিরন্ধির স্থিতি করেছে। লাডাকের সাম্প্রতিক চীনা আক্রমণ এবং ভারতীয় রক্ষী হত্যা ক্রন্তেভও সমর্থন করতে পারেন নি। শুধ্ তাই নয়, হিমালয়ের পাদদেশে ভারতীয় সীমান্ত বলে যে ম্যাক্মে হন লাইন প্রায় শতাধিক বংসর ধরে তৎকালীন চীন সরকারও স্বীকার করে এসেছেন, বর্তমান গণতান্তিক সমাজবাদী চীন সরকার আজ সেই সীমান্তকে অস্বীকার করে এসেছেন, বর্তমান গণতান্তিক সমাজবাদী চীন সরকার আজ সেই সীমান্তকে অস্বীকার করে ভারতীয় অঞ্চলের উপর দাবী বসিয়েছে এবং ভূটান, সিকিম প্রভৃতি রাজ্যও গ্রাস করবার চেণ্টা করছে। ইহাই চীনের সমাজবাদের নম্না। অপরের রাষ্ট্র গ্রাস করা যদি সমাজবাদের নম্না হয়, তবে আমি দ্টুকণ্ঠে বলতে পারি যে ভারতবাসী সেই সমাজবাদ থেকে দ্বের থাকবে এবং এই সমাজবাদ থেকে যেন ভগবান আমাদের রক্ষা করেন।

স্যার, হিমালয় আমাদের উত্তর ভারতের নাাচারাল বাউন্ডারী একথা শত শত বংসর ধরে বৈদেশিক লেখকগণও স্বীকাব করে গেছেন। চীন পরিরাজক ফা-হিয়ান ও হিউ-এন-সাংও এই সীমানত অস্বীকাব করেন নি। কিন্ত আজ তাঁদেরই বংশধন কম্নিন্ট চীনের নেতা চৌ-এন-লাই এই সীমানত তাস্বীকাব করে এক অস্তত পরিস্থিতির সাণ্টি করেছেন। স্যার যুগে যুগাত ধরে হিমাচল আমাদের তীর্থাভিমি। এই সিমাচল দুহিতা পার্বাতীর কথা আমাদের পাবাণে বনিতি আছে শত শত বংসব ধরে এই সিমাচল ভারতীয় প্রাচীন কবিদের প্রেরণ দিয়েছে। অমর কবি কালিদাসের মহাকাব্য কমাবস্কত্ব বচিত হয়েছিল এই সিমালয়কে অবলন্বন করে। তাই সিমালয়ের বর্ণনায় তিনি বলেছেন -

"অস্ত্রেক্রগাং দিশি দেক্ষাখা হিমালয়ো নাম নাগাধিরাজঃ, প্রাণ্যেরী ডেয়ালিধিবগাহ্যা, স্থিতিঃ প্রিয়ামিক মান্দ'জঃ।"

এই হিমালয় পর্বত ফুগে যুগোলত ধরে উত্তর ভাবতেব প্রাচীরর পে ভারতকে বৈর্দোশক আক্রমণ থেকে রক্ষা করছে এবং এই হিমালয়ের গিরিবর্ত্বাগ লিকে প্রকৃতি সেইভাবেই সৃষ্টি করেছেন। এই সীমানাকে অস্বীকার করা নিতান্ত সাম্রাজ্য প্রসারী মনোভাব ছাডা আর কিছুই নয়।

স্যার, ভারতবর্য বহুকাল ধরে চীনের সঙ্গে বন্ধাছ পথাপন কবে চলেছে এবং ভাবতবর্ষ এই বন্ধাছ এখনও রক্ষা করে চলেছে। জাপানেব বিব্যুখ্য চীনের সংগ্রামে ভাবতবর্ষ চীনকে সমর্থান জানিয়েছিল এবং বন্ধাছের নিদ্দানন্দ্ররূপ চীনে মেডিকালে মিশন পাঠিয়েছিল। চীনের রিপারিকান সরকারকে মেনে নিতে ভারত সরকার একট্রও দ্বিধা বোধ কবেন নি। ইউ এন ওতে চীনকে সভা কবাব দাবী ভারতই সর্বপ্রথম করেছিল এবং ব্রটেন, আমেবিকা ও অন্যান্য দেশের বাধা সত্ত্বেও পানং প্নেং ভারতবর্ষ সে চেন্টা কবছে। আর সেই চীন ভারতের সেই বন্ধাঙ্গের প্রতিদানে ভারতের উপর হামলা করে ভাবতীয় এলাকা গ্রাস কবতে একটকুও ইত্দত্তঃ গবে নি। চীনকে যারা সোস্যালিকট স্টেট বলে সাটিফিকেট দিতে চান, তাঁদেব আমি জিজ্ঞাসা কবি, বিপাবলিকানে চায়নার এইসব কার্যবিললী কি সোস্যালিজমএর প্রমাণ কবে না ইন্পিবিয়ালিজমের পরিণা দেয়ে? আয়াব এই প্রদেবর জবাব তাঁরা দিন।

সারে, দাজিলিং জেলার কালিম্পঙ শহর আজকে চীনা ও বৈদেশিক গংশ্চরদেব অন্ডায় পরিণত চায়েছে। কতিপয় চীনা গংশ্চের কালিম্পঙ এবং বিভিন্ন গ্রামাণ্ডলে লন্ডী হাতার দোকান খালে বাফসাব নাম করে, সেখানে গংশ্চেরের কাজ করছে এবং নানাভাবে ভারত বিবোধী প্রচাব কার্যা চালাচ্ছে। এরা জনসাধাবণের মধ্যে বিভিন্ন পোশ্টাব প্রস্থিতকা প্রচার কবছে এবং জনসাধাবণের মধ্যে ভাবক বিরোধী ও প্রো-চাইনিজ পোশাটাব প্রস্থিতকা প্রচার কবছে এবং জনসাধাবণের মধ্যে ভাবক বিরোধী ও প্রো-চাইনিজ প্রেপাগাদ্ডা চালাচ্ছে। এমা কি এইসব জায়গায় চাইনিজ কার্রোন্সও আফার্দান হুছে। সম্প্রতি কয়েকদিন আপে আফবা সংবাদপত্তের রিপোর্টে দেখেছি যে একটা লোক কয়েক হাজার চাইনিজ কার্রোন্স নিয়ে যাবার সময় বামাল সমেত গ্রেণতার হয়েছে। সারে বর্তমানে তিব্বত ও চীনের সঞ্চো ভারতের কোন বানিজ্য সম্বন্ধ না থাকা হবদ্বেও কালিম্পক্ষে চাইনিজ গুড় এন্জিসের রয়েছে। এই এক্রেন্সি সেখনে কি কাজ কবে এইসব বোগাস ট্রেডার্স দ্বের থরচ কিভাবে চলে এবং ফাইন্যান্স কোথা থেকে আসে তার খেজি করে

দেখা একাশ্ত প্রয়োজন। সেজন্য আমি এ বিষয়ে পশ্চিমবংগ সরকারকে অবহিত হতে গ্রন্থোর করছি। এইসব প্পাই সম্বন্ধে অবিলন্ধে ব্যবস্থা অবলম্বন করে ভারতের নিরাপত্তা গ্রন্ধার । ব্যবস্থা করা প্রয়োজন। আমি সরকারকে এ বিষয়ে অবহিত করছি।

সাার, ভারত পিসফ্ল কো-এক্সজিসটেন্স নীতিতে বিশ্বাস করে। স্তারাং সে তার বহু দিনের বন্ধ্ প্রতিবেশী চাঁনের বির্দ্ধে যুন্ধ কথনও কল্পনাও করতে পারে না। কোন ভারতবাসী আজ যুন্ধ চায় না। ভারত চায় সকল রান্ধের সংগ্য বন্ধ্য রেখে শান্তিপূর্ণ উপায়ে নিজের সমস্যার সমাধান এবং বিশ্বে শান্তি প্রতিটা করতে। কিন্তু সামাজা প্রসারী চীন যদি ভারতের অংশ গ্রাস করতে চায়, তবে বাধ্য হয়ে ভারত সরকারকে চীনের বির্দেধ ব্যবস্থা অবলম্বন করতে হয়ে, তাহলে প্রত্যেক দেশপ্রেমিক ভারতব্যা বিশ্ব দিয়ে ভারতের স্বাধীনতা ও চৌরটোরিয়াল প্রতিক্রিগাটি বক্ষা ব্রত্ব শিব্য বােধ করবে না।

#### [3-10-3-20 p.m.]

স্যার, এই পিসম্বাল কো-একাজসটেণ্স নীতি নিয়ে আমাদের প্রধান মন্দ্রী তাঁর শেষ চিঠিতে চানের প্রধান মন্দ্রী তাঁর শেষ চিঠিতে চানের প্রধান মন্দ্রী চান সরকারের উচিত কবিলন্দের এই প্রস্থাবৈ স্মৃত হয়ে ওদন্যায়ী ভাগ করে শাণিত প্রতিণ্টা করা ও পূর্ব বন্ধার রক্ষা করা। কিন্তু যাদ তার। তাতে সাজা না দের তাহতে। তারত সরকার থেন আবিলন্দের অত্যত কঠোর ব্যবহণ অবলন্দ্রন করতে নিব্ধা বোধ না করেন। সাার, এই প্রসঞ্জে আমি সরকারকে একচ্ব সত্রক্ করে দিতে চাই। ভারত সরকার চানের কাছে শাণিতর প্রস্থাতা পাঠ চ্ছেন, চীন সরকার পাণটা উত্তরে যথেণ্ট সময় নিচ্ছে। কিন্তু যেসব সংবাদ পাওয়া যাচ্ছে তাতে জানা যায় যে, চীনা সরকার সংগো সংগে ভারতবর্ষের উপর হামলা করবার জন্য যথেণ্ট প্রপারেশন করছে। সরকার বেন সেই স্বযোগ চীনকে না দেন। আমি এই প্রসঞ্জে নিত্তীয় মহাযুদ্ধের প্রাক্তালে বৃটিশ প্রধান মন্টা মান্টার চেন্দ্রারলেনের কথা স্মরণ করিয়ে দিতে চাই। মিঃ চেন্দ্রার্গলেন হিটলারকে তোষণ করে যুদ্ধ বন্ধ করতে চেন্টা করেছিলেন এবং তিনি মিউনিক প্যাষ্ট্র করে নিশ্চিত ছিলেন। কিন্তু স্ব্যোগ্যত হিলের ইংলন্ডকে আক্রমণ করে ইংলন্ডকে বিধন্নত করতে নিব্রা করে না আমরা যেন কমন্দ্রাসেট হয়ে বসে সেই অবন্ধায় না পড়ি। অবশা আম্বাসের কথা যে কালকে পালামেনেটর ভিরেটে ভিফেন্স মিনিন্টার সৈন্যাগণ দায়িত্ব গ্রহণ করেছেন বলে

সার, আমি আমার প্রস্কৃতাবের শেষ অংশ সম্বন্ধে কিছু বলে বন্ধবা শেষ করতে চাই। দেখা গেছে যে কতিপয় বাজনৈতিক দলের লোক এবং রাজনৈতিক দল ভারতের বিরুদ্ধে নানাভাবে প্রচার করছেন এবং চানের ভারতের বিরুদ্ধে যে রাজ বিরোধী কার্যাকলাপ তার সহায়তা করছেন। সার, তাদের সম্বন্ধে আজকে সতর্ক হওয়া প্রয়োজন। আজকে বহিঃশগ্রের চেলে অম্বন্ধান্ত সম্বন্ধে আমাদের সরকারকে বিশেষ অর্বাহত হতে হবে এবং তাদের সম্বন্ধে উপযান্ত বার্ত্যা অবলম্বন করতে হবে। সাার, আমি ক্ষনত কোন পলিটিক।ল পার্টিকে আক্রমণ করে কোন কথা বলি নি। কিন্তু ২০০ বছর ধরে সংগ্রামের ফলে ভারত যে স্বাধীনতা লাভ করেছে সেই স্বাধীনতাকে যারা আজ নও করতে চায়, আমি তাদের ক্ষমা করতে প্রস্তুত নই। পরাধীনতার হাত থেকে মাজি পাত্রয় এই দেশকে আজ যদি কোন লোক বা দল অপর কোন রাজ্যের হাতে তুলে দিতে চায় তাহলে ভারতের জনগণ তাদের ক্ষমত ক্ষমা করবে না এবং ভারত সরকার যেন তাদের সম্পর্কে উপযান্ত বাবস্থা অবলম্বন করেন।

# Shri Jyoti Basu: Sir, I beg to move that-

(i) in clauses 1, 2, 3 and 4, for the words beginning with "forcible occupation" and ending with "seriously jeopardised" the following be substituted, viz.—

"The border dispute between India and China which is being utilised by some parties and persons to undermine India's peaceful foreign policy based on Panch Sheel:

Considering that the influx, infiltration and activities of undesirable aliens and agents of the Chiang Kaishek regime from Taiwan

in Kalimpong and its neighbourhood are increasing tension between India and China which is detrimental to the peaceful settlement of the dispute".

- (ii) in clause 5, after the words "This Assembly", and for the words beginning with "records its" and ending with "sovereignty of the country" the following be substituted, viz.—
  - "urges upon the State Government to watch the situation carefully and take necessary steps for preventing such activities by undesirable aliens and Chiang Kaishek agents".

ডেপ্রটি স্পীকার মহোদয়, আমার আ'মেন্ডমেন্ট সদ্বন্থে বলার আগে আপনার কাছে একটা অনুবোধ করতে চাই, সেটা হচ্ছে এই যে আমাদের যে প্রস্থাতাই পাশ হোক এই বক্তৃতাগ্র্লি কেন্দ্রে পাঠানোর প্রয়োজনীয়তা আছে এবং আমরা মনে করি যে এগ্রেলিকে কেন্দ্রে পাঠানো অত্যন্ত প্রয়োজন, কারণ কেন্দ্রে কিছু করবার জন্য বলা হচ্ছে এবং আরও এই যন্য যে, যে বিষয়টা নিয়ে আলোচনা হচ্ছে সেটা মূলতঃ কেন্দ্রের বিষয় যদিও পশ্চিমবংগ সরকারেরও এর মধ্যে কাজ আছে। আমাদের আামেন্ডনেন্টে যা বলেছি তার মধ্যে আছে। সম্প্রতি আপনি দেখেছেন ২ দিন আগে বা ১দিন আগে পালামেন্টে যখন আলোচনা হয়, সেই সময় পশ্চিত নেহের্ হঠাৎ বক্তৃতা দিতে দিতে আমাদের কমিউনিন্ট রকের দিকে তাকিয়ে বাংলান্দেশ্যে একটা বিষয়া সম্পর্কে বলেন যে

"But there is one matter I should like to refer to while I am talking about unity. The other day there was a public demonstration in Calcutta which amazed me and ashamed me."

আমরা চেণ্টা করে দিল্লী থেকে তাঁর ঐ বক্ততা আনিয়ে দেখে ব্রুতে পারলাম না যে হঠৎ উনি এত আশ্চর্যাই বা হলেন কেন, এত লজ্জিতই বা হলেন কেন। যদি এর মধ্যে কিছু, খ'লে পেতাম যে এই রক্ষ কোন শেলাগান দেওয়া হয়েছে যেটা উনি পছন্দ করেন না বা যেটা ভারতবর্ষের বির দেব যায়, তাহলে জিনিসটা ব ঝতে স বিধা হত। আমরা এরকম কিছা পেলাম না। গত ন্দালও পেলাম না এবং আজকে যে ডিবেট হল তার মধ্যেও এরকম কিছু পেলাম না. শুধু এইটাকু পেলাম বিভিন্ন বক্ততা বা প্রমিষ্ডিংস এর মধ্যে যেটুকু আছে। শ্রীমতী রেন, চক্রবতী যে কথা বলেছেন এবং আজকে প্রফেস্ব হীরেন মুখারুী বলেছেন যে ইন্ডিয়ান এক্সপ্রেস বলে দিল্লীর একটা কাগজ ময়দানের মিটিংয়ে আমাদের ডিমনস্টেশন এবং শেলাগান সম্বন্ধে একটা রিপোর্ট দিয়েছে। বোধ হয় সেইটা দেখে পণ্ডিত নেহের; এই কথা বলেছেন। কিন্তু এটা আম্বা সমর্থন করতে পাবি না। যেভাবে জিনিসটা রিপোটেড হয়েছে, সেটা একেবারে অসত্য বলে আমরা মনে করি. এবং অতানত দঃখের বিষয় পশ্চিত নেহেরুর মত লোক এইভাবে জিনিসটাকে ভেরিফাই না করে এটা বল্লেন। এজনা আমি চাচ্ছি যে এই প্রস্তাব এখন থেকে যদি কেন্দ্রে যায়, ত হলে যেন আমাদের বক্ততাগ্রনিও যায়। আমরা আসেত অপেতই বলবো যাতে করে আমাদের বক্তৃতাগর্নি ভাল করে টোকা হয় এবং সেগুলো যেন ইংরাজী করে পাঠনো হয়, যাতে তাঁদের ব্রুবতে কোন অস্ক্রবিধা না হয়। সভা কথার পর যদি আমাদের কেউ কন্ডেম করতে চান বা আমাদের বিরুদ্ধে কিছু বলতে চান তো বলবেন। কারো মুখের দিকে তাকিয়ে কমিউনিল্ট পার্টি কাজ করে না। আমরা যা কর্তবা বলে মনে করি সেই কর্তব্য আমরা করে যাই: তাতে প্রিয় হোতে পারি. অপ্রিয় হোতে পারি। আমরা জনসাধারণের সংখ্য সেটা করে নেবো। কিন্ত জিনিসটা পরিষ্কার হওয়া দরকার। ভল এবং অসতোব উপর ভিত্তি করে কোন কিছে, হওয়া উচিত নয়। কোলকাতার বড বড় কাগজ আমাদের বিরুদ্ধে, কেন গেল কাগজে এরকম ধরনেব কিছা লেখা হয় নি। ইন্ডিয়ান এক্সপ্রেসে কেবল লেখা হয়েছে, অথচ সেটা নিয়ে আমাদের কনডেসনেশন হয়ে গেছে পালামেদেট এবং সমস্ত দ্বিন্য়ার ক'ছে তা প্রকাশ করা হয়েছে। এটা অন্যয় বলে আমরা মনে করি। যা হোক পণ্ডিত নেহের র কাছে আমি চিঠি লিখছি, যাতে করে জিনিসটা পরিষ্কাব হোতে। পারে। তারপর আমি যেটা বলতে চাচ্ছিলাম সেটা হচ্ছে, এই যে প্রস্তাবটা কংগ্রেস পক্ষ থেকে আনা হয়েছে, এটা কি সতাই ভারতবর্ষকে একটা সাংঘাতিক বিপদ থেকে রক্ষা করবার জন্য আনা হয়েছে? অথবা সভাই কি যাঁরা এখানে অন্য দেশের গ্রুণ্ডচর হিসাবে কার্জ করছেন তাঁদের খ'ুজে বের করবার জন্য আনা হয়েছে. ভারতবৃত্ত্বর

বাতে উপকার হয়? আমার তা মনে হয় না। সমসত প্রস্তাবটা, যেটা আমি পরে বিশেলখণ করে দেখাবো, পড়ে আমার মনে হচ্ছিল—এখন অন্ততঃ একটা উপযুক্ত আবহাওয়ার স্চিট করছে, যাতে করে আমরা একটা মীমাংসার দিকে যেতে পারি-এই মীমাংসা যাতে না হয়: ভারতবর্ষ এবং চীনের মধ্যে একটা বন্ধত্ব যাতে স্প্রতিষ্ঠিত না হয়, সে জনাই এই প্রস্তাবটা আনা হয়েছে যাতে করে আমাদের মধ্যে এবং চীন দেশের মধ্যে একটা তিন্ততার স্ভিট হয়। কারণ নরেনবাব্ বহুতার যা বললেন তার একটা কথাও এতে নেই। ওয়ার স ইকোসিএর বিরুষ্ধ উনি বললেন যে পশুশীল আমরাও মানি, আমরা শন্তিপূর্ণ বাবস্থা চাই: কিন্তু প্রস্তাবের কোন জায়গাতে যদি এই কথাগলেলা থাকতো এবং পণ্ডিত নেহের্র বৈদেশিক নীতি সমর্থনে যদি কোন কিছ্ব থাকতো তাহলে না হয় ব্রুতাম। দ্বাদিন পালামেনেট ভিবেট হয়ে গেল, এত আলোচনা হোল, পন্ডিত নেহের্ চিঠি লিখে পাঠালেন চীনদেশে, কিন্তু নেশের প্রধান মন্দ্রী চিঠি লিখলেন, তার কোন রেফারেন্স নেই, তাহলে সেটেলমেন্টের কোন কথাই নেই। আর একটা কথা নরেনবাব্র বক্তায় বঙ্লেন যে, বৈদেশিক শহ্রদের থেকে বেশি বিপদ হল আমাদের দেশের ভেতর শহ্রদের নিয়ে এবং তাদের সম্বাদের আয়ানের অবহিত হতে হবে।

## [3-20-3-30 p.m.]

